ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
****

বিধানসভা সংবাদ

স-২৭২৯
আগরতলা, ১৪ নভেম্বর,২০১৭

রণজিৎ দেববর্মার বক্তৃতায় কিছু মন্তব্য প্রাথমিক ভাবে দেশ বিরোধী ঃ মুখ্যমন্ত্রী

গত ৭ নভেম্বর দুস্কি বাজারে ‘ত্রিপুরা ইউনাইটেড পিপলস কাউন্সিল’ সংগঠনের নামে আয়োজিত এক সভায় নিষিদ্ধ ঘোষিত এ টি টি এফ বৈরী দলের স্বঘোষিত সভাপতি রণজিৎ দেববর্মা তার বক্তৃতায় কিছু মন্তব্য করেন যা প্রাথমিক ভাবে দেশ বিরোধী । তাছাড়াও তার বক্তব্য সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারী, জনগণের বিভিন্ন অংশের মধ্যে বিশেষ করে উপজাতি এবং অনুপজাতিদের মধ্যে শত্রুতা, ঘৃণার সৃষ্টিকারক । বিধানসভায় সুদীপ রায় বর্মণ কর্তৃক আনিত রণজিৎ দেববর্মা গ্রেপ্তার সম্পর্কিত বিষয়ে মুখ্যমন্ত্রী মানিক সরকার আজ একথা বলেন ।

এ প্রসঙ্গে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী মানিক সরকার বলেন, এই অভিযোগ মূলে তেলিয়ামুড়া থানার ও সি গত ৯ নভেম্বর একটি মামলা দায়ের করেন । মামলাটি হলো ঃ মামলা নং ৮৩/২০১৭ ধারা ১২৪ (এ)/ ১৫৩ (এ)/ ১৫৩ (বি)/ ১২০ (বি) আই পি সি এবং ধারা ১০/ ১৩/ ১৮ আনলফুল এক্টিভিটিস প্রিভেনশন এক্ট, ১৯৬৭ ও ধারা ৮২, ত্রিপুরা পুলিশ এক্ট ।

মুখ্যমন্ত্রী বলেন, তেলিয়ামুড়া থানার একজন এস আই স্বতপ্রণোদিত ভাবে এই মর্মে একটি অভিযোগ করেন যে, গত ৬ নভেম্বর,২০১৭ তারিখে বিরুদ দেববর্মা (৩৫), দুস্কি, থানা-তেলিয়ামুড়া ০৭-১১-২০১৭ তারিখে বেলা ১২টা থেকে বিকাল ৪টা পর্যন্ত দুস্কি বাজারে ‘ত্রিপুরা ইউনাইটেড পিপলস কাউন্সিল’ সংগঠনের নামে একটি সভা করার আবেদন করেন । এই আবেদনটি থানা মঞ্জুর করেনি এবং তা মৌখিক ভাবে জানিয়ে দেওয়া হয় ।

গত ৭ নভেম্বর,২০১৭ তারিখে ঐ সংগঠনটি বিনা অনুমতিতে দুস্কি বাজারে একটি পথসভা করে । ঐ সভার প্রধান বক্তা ছিল রণজিৎ দেববর্মা, নিষিদ্ধ ঘোষিত এ টি টি এফ বৈরী দলের স্বঘোষিত সভাপতি, যিনি তখন জামিনে মুক্ত ছিলেন । অন্যান্য বক্তারা হচ্ছে সত্য দেববর্মা (এ টি টি এফ রিটারনি), ডেনিয়েল বরক (এন এল এফ টি/এন বি রিটারনি) এবং অনন্ত দেববর্মা (এন এল এফ টি/এন বি রিটারনি) । সভাস্থলে তারা একটি ব্যানার প্রদর্শন করেন যাতে ভারত সরকার এবং রাজন্য শাসিত ত্রিপুরার প্রতিনিধি মহারাণী কাঞ্চনপ্রভা দেবীর মধ্যে ০৯-০৯-১৯৪৯ সালে স্বাক্ষরিত ভারতভুক্তি চুক্তিকে নিয়ে প্রশ্ন তোলা হয় ।

বিধানসভায় মুখ্যমন্ত্রী জানান, এই মামলায় রণজিৎ দেববর্মাকে ১১-১১-২০১৭ তারিখে গ্রেপ্তার করা হয় এবং গুরুত্বপূর্ণ নথিপত্র বাজেয়াপ্ত করা হয় । ১২-১১-২০১৭ তারিখে অভিযুক্ত রণজিৎ দেববর্মাকে এস ডি জে এম, খোয়াই এর আদালতে পেশ করা হয় । আদালত আরো জিজ্ঞাসাবাদের জন্য অভিযুক্তকে চার দিনের পুলিশ রিমান্ডে পাঠায় । অভিযুক্তকে নির্দিষ্ট তারিখে আদালতে পেশ করা হবে । এই মামলার তদন্ত চলছে ।

****

This document was created using Smart PDF Converter
To remove this message purchase the product at www.SmartPDFConverter.com